




বিভিন্ন  
ডিজিটাল ডিভাইস  
ব্যবহারের সাধারণ  
নিয়মাবলি



Digital  
Literacy  
Center









একটু  
বলতো কীভাবে  
যত্ন নিবো?

খেয়াল রাখবে যাতে ল্যাপটপ সবসময়  
পরিষ্কার পরিচ্ছন্ন থাকে এবং ল্যাপটপের  
ভিতরে কোনো ধূলাবালি ঢুকে না যায়।

ব্লুটুথ, ওয়াইফাই ইত্যাদি যোগাযোগ মাধ্যমগুলো  
যেগুলো ল্যাপটপের সাথে সংযুক্ত থাকে সেগুলো  
প্রয়োজন ছাড়া চালু রাখবে না।

খুব বেশি প্রয়োজন ছাড়া সরাসরি সূর্যের  
আলোয় ল্যাপটপ ব্যবহার করবে না।

ল্যাপটপ চার্জের ক্ষেত্রে খেয়াল রাখবে।  
যেন ২০% এর নীচে না নামে। ২০%  
হলে দ্রুত চার্জ দিতে হবে।

ঠিক আছে,  
তারপর?

কম্পিউটারের সঙ্গে ইউপিএস  
ব্যবহার করার চেষ্টা করবে।

এতে হঠাৎ করে বিদ্যুৎ গোলযোগ হলেও  
সাথে সাথেই কম্পিউটার বা ডেস্কটপটি  
বন্ধ হয়ে যাবে না

ডিভাইসটি পাসওয়ার্ড দ্বারা সুরক্ষিত রাখবে  
এবং জায়গা থেকে উঠে যাবার সময় কম্পিউটার  
বা ল্যাপটপ সিস্টেম লক করে যাবে।

ডিভাইসে কোনো ধরনের অনুমোদনহীন  
সফটওয়্যার ইনস্টল করা থেকে বিরত থাকবে।

এছাড়াও সম্পূর্ণ নিশ্চিত না হয়ে  
ডিভাইসে কোনো ধরনের ফ্রি  
সফটওয়্যার ডাউনলোড করবে না।

আর সবসময় তোমার ডিভাইসটিতে  
আপডেটেড লাইসেন্সড ভার্সন এন্টিভাইরাস  
সফটওয়্যার ব্যবহার করার চেষ্টা করবে।


চমক আমার  
ল্যাপটপটা কোথায়  
রেখেছি দেখেছিস?

আছে শোনো, চেষ্টা করবে যাতে মোবাইল  
ফোনটি সবসময় পরিষ্কার পরিচ্ছন্ন থাকে।

ব্লুটুথ, ওয়াইফাই, হটস্পট ইত্যাদি  
যোগাযোগ মাধ্যমগুলো যেগুলো  
ডিভাইসের সাথে সংযুক্ত থাকে সেগুলো  
প্রয়োজন ছাড়া চালু রাখবে না।

পরিবেশগত বাহ্যিক তাপ যেকোনো  
মোবাইলের ব্যাটারির শক্তি কমিয়ে দেয়।





এজন্য খুব বেশি প্রয়োজন ছাড়া সরাসরি সূর্যের আলোয় মোবাইল ফোন ও অন্যান্য ডিজিটাল ডিভাইস ব্যবহার করবে না।

চার্জ ১০০% হয়ে গেলে ব্যাটারিতে বাড়তি চার্জ দেওয়া যাবে না। অন্যদিকে চার্জ ২০%-এ নেমে আসলে তখন ব্যবহার না করে যতদ্রুত সম্ভব চার্জ দিবে।

মনে থাকবে?

হ্যাঁ, থাকবে।  
তারপর?

তারপর মেমোরি কার্ড, পেন ড্রাইভ, সিডি - এই ধরনের স্টোরেজ ডিভাইসগুলো নষ্ট হয়ে গেলে সেগুলো যেখানে সেখানে ফেলে দিবে না অথবা বিক্রি করবে না।

বিধি বিধান অনুসারে সেগুলো ধ্বংস করে দিবে।

মোবাইল ফোনটি পাসওয়ার্ড দ্বারা সুরক্ষিত রাখবে।

মোবাইল ফোনের বিভিন্ন প্রয়োজনীয় তথ্য, ফাইল বা ছবি সংরক্ষণে রাখতে পারো।

ফাইলগুলো যাতে সুরক্ষিত থাকে সেজন্য নিয়মিত বিকল্প কোনো স্টোরেজ ডিভাইসে ব্যাকআপ রাখবে।

মোবাইল ফোনে কোনো ধরনের অননুমোদিত সফটওয়্যার ইনস্টল করা থেকে বিরত থাকবে।

এছাড়াও সম্পূর্ণ নিশ্চিত না হয়ে ডিভাইসে কোনো ধরনের ফ্রি সফটওয়্যার ডাউনলোড করবে না।

এই ধরনের কিছু সাধারণ নিয়মাবলি অবলম্বনের মাধ্যমে ডিজিটাল ডিভাইসের সুরক্ষা নিশ্চিত করে সেটি ব্যবহার করতে পারো।



এই ছোটখাটো বিষয়গুলো মাথায় রাখলে বড় কোনো ঝামেলা হবে না বলে মনে হচ্ছে।

ঠিক ধরেছো মামা।